**Ex/BNG/PG/3·56B/2024**

## স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.৫৬ বি

## দেশভাগ ও বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

১. জাতীয় কংগ্রেস ও স্যার স্ট্যাফোর্ড ক্রিপস্-এর সদর্থক ভূমিকা সত্ত্বেও ভারতীয় উপমহাদেশের ক্ষেত্রে পার্টিশন কেন অনিবার্য হয়ে উঠেছিল যুক্তিসহ আলোচনা করো। ১০

**অথবা**

২. ভারত বিভাজনের ক্ষেত্রে লর্ড মাউন্টব্যাটেনের ভূমিকা আলোচনা করো। ১০

৩. মণিকুন্তলা সেনের 'সেদিনের কথা' গ্রন্থটি কেবলমাত্র স্মৃতিকথা বা বাস্তব তথ্যের বয়ান গ্রন্থটি অবলম্বনে আলোচনা করো। ১০

**অথবা**

৪. 'সেদিনের কথা' বইটিতে দেশভাগ সমকালীন দাঙ্গা ও জীবনকে কেন্দ্র করে যে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলি উঠে এসেছে সেগুলি নিজের ভাষায় বিশ্লেষণ করো। ১০





৫. 'নীলকন্ঠ পাখির খোঁজে' উপন্যাসটিতে মানবিক সম্পর্কের চিত্রায়ণ আর পারস্পরিক বিশ্বাসের আবহ নির্মাণ হয়ে উঠেছে মুখ্য উদ্দেশ্য। এই অভিমত কতটা গ্রহণযোগ্য? ১০

**অথবা**

৬. লেখক অতীন বন্দ্যোপাধ্যায় তাঁর উপন্যাসের আখ্যানের সমকালীন দেশভাগের সময়কে আখ্যানের ভিতরকার সময়ের চলনের সঙ্গে কীভাবে বুনে দিয়েছেন আলোচনা করো। ১০

৭. ''এক-একটা কলোনিতে পাঁচ-ছয়-সাত হাজার লোক, এরা যখন এলো তখন শুরুই করল তাদের জীবন জবরদখল দিয়ে....'' — সেই জীবনের যে ছবি সংশ্লিষ্ট গল্পে ধরা পড়েছে, তা নিজস্ব গদ্যে লিপিবদ্ধ করো। ১০

**অথবা**

৮. ''দ্যাশডারে অরা কোরবানি করল, নিজেগো সংসারডারে তোমারা জবাই করলা...'' — এই 'কোরবানি' আর 'জবাই'-এর সূত্রে স্বদেশ ও সংসারের যে সমীকরণ সংশ্লিষ্ট গল্পে ফুটে ওঠে, তা নিজের ভাষায় ব্যাখ্যা করো।১০

★ ★ ★